গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন, কার্যক্রম বিভাগ
পিআইএম রিফর্ম এবং শিল্প ও শক্তি উইং

নং- ২০.০৬.০০০০.৬৩৩.১৪.০৩৯.২৪-**২৯**

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ, ১৪৩১
১৬ মে, ২০২৪

বিষয়ঃ বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (Multi-Year Public Investment Programme-MYPIP) প্রণয়ন নির্দেশিকা সংক্রান্ত

বিশ্বব্যাংকের বাজেট সহায়তা (Development Policy Credit-DPC) এর অংশ হিসেবে Green and Climate Resilient Development (GCRD) ইস্যুগুলো বাংলাদেশ সরকারের পরিকল্পনা ও বাজেটে অন্তর্ভুক্তকরণের উদ্দেশ্যে বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (Multi-Year Public Investment Programme-MYPIP) প্রণয়ন নির্দেশিকা নির্দেশক্রমে এসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: **MYPIP** প্রণয়ন নির্দেশিকা

১৬.০৫.২০২৪
(মিথুন পাল দ্বীপ)
গবেষণা কর্মকর্তা
ফোন: ৯১৮০৬৬২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৭. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৮. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
১৪. সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
১৫. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মাননীয় পরিকল্পনা মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২. মাননীয় পরিকল্পনা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
৩. সদস্য (কার্যক্রম) ও সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ মহোদয়ের একান্ত সচিব, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(নির্দেশিকাটি পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
৫. প্রধান (কার্যক্রম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬. অতিরিক্ত সচিব (পিআইএম রিফর্ম) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা

অতি জরুরী
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
কার্যক্রম বিভাগ
শের-ই-বাংলা নগর, ঢাকা

নং-২০.০৬.০০০০.৬৩৩.১৪.০৩৯.২৪-২৮ তারিখঃ ২৮ মে ২০২৪

**বিষয়ঃ বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (Multi-Year Public Investment Programme-MYPIP) প্রণয়ন নির্দেশিকা।**

উচ্চতর প্রবৃদ্ধি অর্জনের ধারাবাহিকতা বজায় রেখে মাথাপিছু আয় বৃদ্ধি, দারিদ্র্য হ্রাস, সর্বোপরি জনগণের জীবনমানের অধিকতর উন্নয়নের লক্ষ্যকে সামনে রেখে প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-৪১) ও ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই'২০-জুন'২৫) প্রণয়ন করা হয়েছে। এ ছাড়া জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলা করে কাঙ্খিত উন্নয়ন অর্জনের জন্য "বাংলাদেশ ডেল্টা প্লান-২১০০" প্রণয়ন করা হয়েছে। এ সকল দীর্ঘ ও মধ্যমেয়াদি পরিকল্পনা বাস্তবায়ন করার অন্যতম প্রধান মাধ্যম হচ্ছে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)। বর্তমানে ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রণয়নের কাজ চলমান। পাশাপাশি সরকারি বিনিয়োগের দক্ষতা ও কার্যকারিতা বৃদ্ধি এবং ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ও বাংলাদেশ ডেল্টা প্লান, SDG, সরকারের নির্বাচনী ইশতেহারসহ সংশ্লিষ্ট সেক্টরের সাথে সম্পর্কিত অন্যান্য নীতিনির্ধারণী দলিলসমূহের লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ অর্জন নিশ্চিত করার লক্ষ্যে সরকার মধ্যমেয়াদি বাজেট কাঠামো এর সাথে সমন্বয়ের মাধ্যমে **বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি (Multi-Year Public Investment Programme-MYPIP)** প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করে যা ধারাবাহিক ভাবে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই'১৫-জুন'২০), পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (PFM) কর্ম পরিকল্পনা (২০১৮-২০২৩), ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (জুলাই'২০-জুন'২৫), ও পাবলিক ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট (PFM) সংস্কার কর্ম পরিকল্পনা (২০২৪-২০২৮) এ প্রতিফলিত হয়। কার্যক্রম বিভাগ পরীক্ষামূলকভাবে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন সেক্টর এবং বিদ্যুৎ ও জ্বালানি সেক্টর এর জন্য অংশগ্রহণমূলক প্রক্রিয়ায় ২০১৮-১৯ অর্থবছর হতে **MYPIP** প্রস্তুত করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২৪-২৫ অর্থবছরে প্রাথমিকভাবে ০৩(তিন)টি সেক্টরের জন্য (বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন এবং স্বাস্থ্য) **MYPIP** প্রণয়ন করা হবে। পরবর্তীতে অন্যান্য সেক্টরকেও এ পদ্ধতির আওতায় আনা হবে।

**২. বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের দায়িত্ব:**

উপর্যুক্ত ৩টি সেক্টরের আওতাভুক্ত ১১টি মন্ত্রণালয়/বিভাগ (সংযোজনী-১) কর্তৃক তাদের প্রতিটি প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থবছরের প্রস্তাবিত এডিপি বরাদ্দের পাশাপাশি পরবর্তী দুই অর্থবছর অর্থাৎ ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রক্ষেপণ **AMS**-এ প্রদান করতে হবে। **AMS** -এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে প্রাথমিকভাবে বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, এবং স্বাস্থ্য সেক্টরের আওতাধীন ১১টি মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি **(Multi-Year Public Investment Programme-MYPIP)** প্রণীত হবে। কার্যক্রম বিভাগ এ ক্ষেত্রে সমন্বয়ক এর ভূমিকা পালন করবে।

**৩.বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের উদ্দেশ্য:** বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের প্রধান উদ্দেশ্যসমূহ হচ্ছে: (ক) চলমান উন্নয়ন প্রকল্পসমূহের জন্য মধ্যমেয়াদে কী পরিমাণ সম্পদের প্রয়োজন হবে, তার একটি বাস্তবসম্মত ব্যয় প্রাক্কলন প্রস্তুত করা; (খ) মধ্যমেয়াদে লভ্য (available) সম্পদ এবং চলমান প্রকল্পসমূহের জন্য প্রয়োজনীয় সম্পদের ভিত্তিতে অর্থায়নের সামর্থ্য (fiscal space) নিরুপণ; (গ) পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা, বাংলাদেশ ডেল্টা প্ল্যান, SDG, সরকারের নির্বাচনী ইশতেহার এবংঅন্যান্য নীতিনির্ধারণী দলিলে বিধৃত কৌশল এবং লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য প্রয়োজনীয় প্রকল্পসমূহ চিহ্নিত করার লক্ষ্যে অর্থায়নের সামর্থ্য (fiscal space) এর ভিত্তিতে একটি বাস্তবসম্মত ব্যয় পরিকল্পনা প্রস্তুত করতে সহায়তা করা, এবং (ঘ) সেক্টর এবং মন্ত্রণালয়/বিভাগের কর্মকৃতির (performance) সাথে সরকারি বিনিয়োগের যোগসূত্র অধিকতর শক্তিশালী করতে সহায়তা করা।

৪. **বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচির গঠন:** সেক্টরের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি এবং মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের জন্য যথাক্রমে সংযোজনী-২ এবং সংযোজনী-৩ এ প্রদত্ত ছক (Format) ব্যবহার করতে হবে। সেক্টর এবং মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচির অংশসমূহ এবং সংশ্লিষ্ট ফরমসমূহ নীচের সারণিতে প্রদর্শন করা হল:

| **সেক্টরের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি**<br>(পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ প্রস্তুত করবে) | **মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি**<br>(সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রস্তুত করবে) |
|---|---|
| **অংশ-ক:** সেক্টরের আওতা/পরিধি, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ ও অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় সেক্টরের জন্য প্রক্ষেপিত এডিপি বরাদ্দ এবং চলতি অর্থবছর পর্যন্ত এডিপি বরাদ্দ।<br><br>**অংশ-খ:** সেক্টরের কর্মক্ষমতা বিশ্লেষণ (Sector Performance Analysis)।<br>খ.১. সেক্টরের ফলাফল কাঠামো (Sector Result Framework) [প্রযোজ্য ক্ষেত্রে সেক্টর কৌশলপত্র / সেক্টর কর্মপরিকল্পনা, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ও বাংলাদেশ ডেল্টা প্লান, SDG, সরকারের নির্বাচনী ইশতেহার এবং সংশ্লিষ্ট সেক্টরের সাথে সম্পর্কিত অন্যান্য নীতিনির্ধারণী দলিলে বিধৃত কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহ]<br>খ.২. সেক্টরের কর্মক্ষমতা বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন (Sector Performance Analysis Report)<br><br>**অংশ-গ:** আগাম ভিত্তিপ্রাক্কলন (Forward Baseline Estimates), মধ্যমেয়াদি বাজেট কাঠামো অনুযায়ী সেক্টরের ব্যয়সীমা ও অর্থায়নের সামর্থ্য (fiscal space) সম্পর্কিত বিশ্লেষণ (লেখচিত্রসহ)<br>গ.১. সেক্টরের **MYPIP** প্রতিবেদন<br>গ.২. সেক্টরের **MYPIP** বিশ্লেষণ প্রতিবেদন।<br><br>**ফরম-ক.১.১:** সেক্টরের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)<br>**ফরম-ক.১.২:** মধ্যমেয়াদী সময়সীমা বিবেচনায় বিধৃত কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহের পর্যালোচনা<br>**ফরম-ক.২:** সেক্টরের আগাম ভিত্তি প্রাক্কলন (Forward Baseline Estimates)<br>**ফরম-ক.৩:** সেক্টরের অর্থায়নের সামর্থ্যের (fiscal space) পরিমাণ<br>**ফরম-ক.৪:** সেক্টরের অর্থায়নের সামর্থ্য ব্যবহার পরিকল্পনা (Utilization of Positive Fiscal Space) | **অংশ-ক:** মন্ত্রণালয়/বিভাগের জন্য অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রক্ষেপিত এডিপি বরাদ্দ এবং চলতি অর্থবছর পর্যন্ত এডিপি বরাদ্দ<br><br>অংশ-খ: আগাম ভিত্তিপ্রাক্কলন (Forward Baseline Estimates), মধ্যমেয়াদি বাজেট কাঠামো অনুযায়ী সেক্টরের ব্যয়সীমা ও অর্থায়নের সামর্থ্য (fiscal space) সম্পর্কিত বিশ্লেষণ (লেখচিত্রসহ)<br>খ.১. মন্ত্রণালয়/বিভাগের **MYPIP** প্রতিবেদন<br>খ.২. মন্ত্রণালয়/বিভাগের **MYPIP** বিশ্লেষণ প্রতিবেদন।<br><br>**অংশ-গ:** অর্থায়নের সামর্থ্য (Fiscal Space) ব্যবহার পরিকল্পনা<br><br>**ফরম-খ.১:** মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)<br>**ফরম-খ.২:** মন্ত্রণালয়/বিভাগের আগাম ভিত্তি প্রাক্কলন (Forward Baseline Estimate)<br>**ফরম-খ.৩:** মন্ত্রণালয়/বিভাগের অর্থায়নের সামর্থ্য (fiscal space)<br>**ফরম-খ.৪:** মন্ত্রণালয়/বিভাগের অর্থায়নের সামর্থ্য ব্যবহার পরিকল্পনা (Utilization of Positive Fiscal Space) |

**৫. সেক্টরসমূহের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়ন প্রক্রিয়া:** সেক্টরসমূহের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়ন প্রক্রিয়া নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখতে হবেঃ

৫.১ **AMS** -এ বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, এবং স্বাস্থ্য সেক্টরের আওতাধীন প্রকল্পসমূহের অনুকূলে পরবর্তী দুই অর্থবছর অর্থাৎ ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ এর জন্য প্রক্ষেপণ প্রদানকালে **AMS**-এ সেক্টরের আগাম ভিত্তি প্রাক্কলন (Forward Baseline Estimates-FBE) উল্লেখ করা থাকবে। প্রকল্প বাস্তবায়নের বাস্তবতার নিরিখে ও **AMS** থেকে সেক্টরের আগাম ভিত্তি প্রাক্কলন (FBE) বিবেচনাপূর্বক এ তিন সেক্টরের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ প্রতিটি প্রকল্পের অনুকূলে ২০২৫-২৬ এবং ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রক্ষেপণ প্রদান করবে।

৫.২ উল্লেখ্য, সেক্টরসমূহের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচির ফরমসমূহ **AMS** এর মাধ্যমে দাখিল করা হলে সংশ্লিষ্ট সেক্টরসমূহের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচির ফরমসমূহ **AMS** হতে স্বয়ংক্রিয়ভাবে প্রস্তুত হবে।

৫.৩ বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, এবং স্বাস্থ্য সেক্টরের আওতাধীন যেসব প্রকল্প **AMS** থেকে প্রদত্ত সম্ভাব্য প্রক্ষেপণের প্রাক্কলন বিবেচনায় ২০২৫-২৬ ও ২০২৬-২৭ অর্থবছরে সমাপ্ত করা সম্ভবপর, সেসব প্রকল্প পরিপূর্ণভাবে বাস্তবায়নের নিমিত্ত বাস্তবতার নিরিখে শতভাগ বরাদ্দ নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করতে হবে।

৫.৪ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ কর্তৃক তাদের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচিসমূহ **AMS** এর মাধ্যমে দাখিল করার পর পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর বিভাগ, কার্যক্রম বিভাগের পাবলিক ইনভেস্টমেন্ট ম্যানেজমেন্ট রিফর্ম উইং (PIM Reform Wing) এর সহায়তায় সংযোজনী-২ এ প্রদত্ত ছক (Format) ব্যবহার করে স্ব স্ব সেক্টরের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়ন করবে। এক্ষেত্রে, সেক্টরের কর্মক্ষমতা বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন (Sector Performance Analysis Report) ও **MYPIP** বিশ্লেষণ প্রতিবেদন **(MYPIP Analysis Report)** অনুসরণ করা যেতে পারে।

৫.৫ উল্লেখ্য যে, **AMS** থেকে প্রদত্ত বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন, এবং স্বাস্থ্য সেক্টরের আওতাধীন প্রকল্পসমূহের সম্ভাব্য প্রক্ষেপণের প্রাক্কলন (Forward Baseline Estimates-FBE) এ তিন সেক্টর এর গত ১০ বছরের চলমান ও সমাপ্ত প্রকল্পসমূহের বছরওয়ারি ব্যয়ের প্রবণতা বিবেচনাপূর্বক প্রস্তুতকৃত Expenditure Profile-সমূহের ভিত্তিতে নিরূপণ করা হয়েছে।

**৬.মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়ন প্রক্রিয়া:** মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়ন প্রক্রিয়ায় নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় রাখতে হবেঃ

৬..১ মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের সার্বিক দায়িত্ব পালন করবে। বাজেট অনুবিভাগ/অধিশাখাসহ অন্যান্য অনুবিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ এ বিষয়ে পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।

৬..২ উল্লেখ্য, মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচির (সংযোজনী-৩,ফরম খ.২ ও ফরম খ.৩) প্রতিবেদন **AMS** হতে স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যাবে। সংযোজনী-৩,ফরম খ.১ এর জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের **MBF**, সংশ্লিষ্ট সেক্টর সমূহের কর্মক্ষমতা বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন (Sector Performance Analysis Report) ও **MYPIP** বিশ্লেষণ প্রতিবেদন **(MYPIP Analysis Report)** অনুসরণ করা যেতে পারে।

৬.৩ মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচির অংশ-ক হতে অংশ-গ এর খসড়া প্রণয়ন করবে। মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ সংশ্লিষ্ট ফরমসমূহের (ফরম খ.২: আগাম ভিত্তি প্রাক্কলন; ফরম খ.৩: মন্ত্রণালয়/বিভাগের অর্থায়নের সামর্থ্য প্রতিবেদন **AMS** হতে স্বয়ংক্রিয়ভাবে সংগ্রহ করবে; এবং ফরম খ.৪ মন্ত্রণালয়/বিভাগের অতিরিক্ত সম্পদের ব্যবহার পরিকল্পনা স্ব স্ব অংশ পূরণ/প্রস্তুত করে মন্ত্রণালয়/বিভাগের পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখায় প্রেরণ করবে। পরিকল্পনা অনুবিভাগ/অধিশাখা আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত ফরমসমূহ পরীক্ষা-নিরীক্ষা করে সংকলিত ও চূড়ান্ত করবে।

৬.৪ মন্ত্রণালয়/বিভাগের অর্থায়নের সামর্থ্যের **(Fiscal Space)** পরিমাণ নিরূপণের জন্য ফরম খ.৩ ব্যবহার করবে, এবং মন্ত্রণালয়/বিভাগসমূহের চাহিদা মোতাবেক এ সংক্রান্ত প্রতিবেদন **AMS** হতে স্বয়ংক্রিয়ভাবে পাওয়া যাবে।

**৬.৫ মন্ত্রণালয়/বিভাগের ব্যবহারযোগ্য অতিরিক্ত সম্পদের ব্যবহার (Utilization of Positive Fiscal Space):** মন্ত্রণালয়/বিভাগের মোট অর্থায়নের সামর্থ্য **(Fiscal Space)** ধনাত্মক (Positive) হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ উক্ত সম্পদ ব্যবহারের লক্ষ্যে ফরম-খ.৪ ব্যবহার করে নতুন প্রকল্প গ্রহণের পরিকল্পনা প্রস্তুত করবে। অন্যথায় অর্থায়নের সামর্থ্য **(Fiscal Space)** ঋণাত্মক (Negative) হলে তা নিরসণ (Mitigation)-এর বিষয়ে মন্ত্রণালয়/ বিভাগ সুনির্দিষ্ট মতামত/প্রস্তাব প্রদান করবে।

**৭ সবুজ ও জলবায়ু অভিঘাত মোকাবিলা সম্পর্কিত (Green and Climate Resilience-GCR) কার্যক্রম:** প্রাথমিকভাবে ০৩ (তিন) টি সেক্টরের জন্য (বিদ্যুৎ ও জ্বালানি, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন এবং স্বাস্থ্য) সেক্টর ও এর আওতাধীন ১১টি মন্ত্রণালয়/বিভাগের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের প্রক্রিয়ায় সবুজ ও জলবায়ু অভিঘাত মোকাবিলা সম্পর্কিত **(Green and Climate Resilience-GCR)** কার্যক্রম এবং ফলাফল নির্দেশকসমূহকে যথাযথভাবে চিহ্নিত করে সেক্টরের ফলাফল কাঠামো (Sector Result Framework) এ সন্নিবেশ করতে হবে। নির্দেশকসমূহ প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১), অষ্টম পঞ্চ-বার্ষিক পরিকল্পনা (২০২১-২৫), বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্ম পরিকল্পনা (বিসিসিএসএপি), ১৩ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পরিকল্পনা বিভাগ কর্তৃক জারীকৃত Guideline for Green and Climate Resilience (GCR) in Public Investment Projects এবং মন্ত্রণালয়/বিভাগের বাজেট কাঠামো এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে সন্নিবেশিত প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ/প্রভাব নির্দেশকসমূহের (Outcome Indicators) সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

৭.১ মন্ত্রণালয়/বিভাগের সবুজ ও জলবায়ু অভিঘাত মোকাবিলা সম্পর্কিত **(Green and Climate Resilience-GCR)** কার্যক্রম এবং ফলাফল নির্দেশকসমূহ **সংযোজনী-৩ এর ফরম-খ.১** এ সন্নিবেশ করতে হবে।

৭.২ সবুজ ও জলবায়ু অভিঘাত মোকাবেলা সম্পর্কিত প্রকল্পসমূহকে অগ্রাধিকার তালিকাভুক্ত করার ক্ষেত্রে ব্যয়ের সংশ্লিষ্টতা অনুযায়ী উচ্চ অগ্রাধিকার **(Top Priority)**, মধ্যম অগ্রাধিকার **(Medium Priority)** ও কম অগ্রাধিকার **(Low Priority)** তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। সবুজ ও জলবায়ু অভিঘাত মোকাবেলা সম্পর্কিত কার্যক্রমে ব্যয়ের সংশ্লিষ্টতা ৭৫%-১০০% হলে উচ্চ অগ্রাধিকার **(Top Priority)**, ৫০%-৭৪% হলে মধ্যম অগ্রাধিকার **(Medium Priority)**, ৫০% এর কম হলে কম অগ্রাধিকার **(Low Priority)** তালিকায় প্রকল্পসমূহকে অন্তর্ভুক্ত করতে হবে। অগ্রাধিকার অনুসরণপূর্বক প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে।

৭.৩ উন্নয়নের মূল ধারায় জলবায়ু পরিবর্তনকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে জলবায়ু পরিবর্তন অভিযোজন ও প্রশমনের সাথে সম্পৃক্ত প্রকল্পকে অগ্রাধিকার দিতে হবে। **Green and Climate Resilience Development (GCRD)** অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত ১৩-০২-২০২৩ তারিখে পরিকল্পনা বিভাগ থেকে জারীকৃত পরিপত্রে বর্ণিত থিমেটিক এরিয়া ও প্রোগ্রামের সাথে প্রস্তাবিত প্রকল্পের সম্পৃক্ততা উল্লেখ করতে হবে।

৭.৩.১ নতুন প্রকল্প প্রক্রিয়াকরণে মন্ত্রণালয়/বিভাগের ডিপিপি যাচাই ফরমেট **(MAF)** ব্যবহার করতে হবে, বিশেষ করে **MAF** এর অংশ ৪ (২.১) এ **Green and Climate Resilience Development (GCRD)** সংক্রান্ত তথ্য বিস্তারিতভাবে সন্নিবেশ করতে হবে এবং প্রকল্প যাচাই কমিটির সভায় আলোচনা করতে হবে।

৭.৩.২ নতুন প্রকল্প প্রক্রিয়াকরণে মন্ত্রণালয়/ বিভাগ থেকে ডিপিপি প্রাপ্তির পর প্রকল্প প্রস্তাব মূল্যায়নের জন্য পরিকল্পনা কমিশনের সেক্টর ডিভিশন কর্তৃক **(SAF)** ব্যবহার করতে হবে, বিশেষ করে **SAF** এর অংশ ৩ এ **Green and Climate Resilience Development (GCRD)** সংক্রান্ত তথ্য বিস্তারিতভাবে সন্নিবেশ করতে হবে এবং প্রকল্প মূল্যায়ন কমিটির সভায় **(PEC)** আলোচনা করতে হবে।

৮.০ এই নির্দেশিকা অনুসরণপূর্বকস্ব স্ব মন্ত্রণালয়/বিভাগসমূহের বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি সংক্রান্ত তথ্য **AMS** (ADP/RADP Management System) (adp.plancomm.gov.bd) এর মাধ্যমে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর

বিভাগ/বিভাগসমূহে এবং অর্থ বিভাগে প্রেরণ করবে । প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি প্রণয়নের কাজ আবশ্যিকভাবে আগামী ৩১ মে ২০২৪ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং সেক্টর বিভাগসমূহকে অনুরোধ করা হলো।

১৫/৫/২৪
**(মোহাম্মদ আনোয়ার উদ্দিন)**
**অতিরিক্ত সচিব**
**কার্যক্রম বিভাগ**

বিতরনঃ

০১। সিনিয়র সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
০৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সদস্য, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৭। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
০৮। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৩। সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযোজনী-১

## সংশ্লিষ্ট মন্ত্রণালয় /বিভাগসমূহের তালিকা

| ক্রমিক নং | মন্ত্রণালয় /বিভাগ |
|---|---|
| ১ | বিদ্যুৎ বিভাগ |
| ২ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৩ | বিজ্ঞান এবং প্রযুক্তি মন্ত্রণালয় |
| ৪ | স্থানীয় সরকার বিভাগ |
| ৫ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ |
| ৬ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| ৭ | প্রধানমন্ত্রীর কার্যালয় |
| ৮ | স্বাস্থ্য সেবা বিভাগ |
| ৯ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| ১০ | সমাজকল্যাণ মন্ত্রণালয় |
| ১১ | পরিসংখ্যান  ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

সংযোজনী-২

# বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি

জুলাই ২০২৪-জুন ২০২৭

............................সেক্টর

..................................বিভাগ

**পরিকল্পনা কমিশন**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

# বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি

জুলাই ২০২৪-জুন ২০২৭

..........................সেক্টর

**ক। সেক্টরের বর্ণনাঃ**

**ক.১. সেক্টরের আওতা**

**ক.২. সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহ**

**ক.৩. সেক্টরের জন্য অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রক্ষেপিত এডিপি বরাদ্দ এবং চলতি অর্থবছর পর্যন্ত এডিপি বরাদ্দ**

**খ। সেক্টরের কর্মক্ষমতা বিশ্লেষণঃ**

**খ.১. সেক্টরের ফলাফল কাঠামো (Sector Result Framework)** [প্রযোজ্য ক্ষেত্রে সেক্টর কৌশলপত্র / সেক্টর কর্মপরিকল্পনা, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, প্রেক্ষিত পরিকল্পনা ও বাংলাদেশ ডেল্টা প্লান, SDG, সরকারের নির্বাচনী ইশতেহার এবং সংশ্লিষ্ট সেক্টরের সাথে সম্পর্কিত অন্যান্য নীতিনির্ধারণী দলিলে বিধৃত কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহ]

**খ.২. সেক্টরের কর্মক্ষমতা বিশ্লেষণ সংক্রান্ত প্রতিবেদন (Sector Performance Analysis Report)**

**গ। আগাম ভিত্তি প্রাক্কলন (Forward Baseline Estimate), মধ্যমেয়াদি বাজেট কাঠামো অনুযায়ী সেক্টরের ব্যয়সীমা ও অর্থায়নের সামর্থ্য (Fiscal Space) সম্পর্কিত বিশ্লেষণ (লেখচিত্রসহ)**

**গ.১. সেক্টরের MYPIP প্রতিবেদন**

**গ.২. সেক্টরের MYPIP বিশ্লেষণ প্রতিবেদন**

**ঘ. অর্থায়নের সামর্থ্য (Positive Fiscal Space) ব্যবহার পরিকল্পনা**

ফরম-ক.১.১

## সেক্টরের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

সেক্টর:

| সেক্টরের নীতি/ উদ্দেশ্য | কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ক) মন্ত্রণালয় / বিভাগঃ | | | | | | | | | | |
| | কার্যক্রম-১ | | | | | | | | | |
| | কার্যক্রম-২ | | | | | | | | | |
| খ) মন্ত্রণালয় / বিভাগঃ | | | | | | | | | | |
| | কার্যক্রম-৩ | | | | | | | | | |
| | কার্যক্রম-৪ | | | | | | | | | |

ফরম-ক.১.২

# মধ্যমেয়াদী সময়সীমা বিবেচনায় বিধৃত কৌশল ও লক্ষ্যমাত্রাসমূহের পর্যালোচনা

সেক্টর:

| সেক্টরের নীতি / উদ্দেশ্য | ফলাফল নির্দেশক ও পরিমাপের একক | বেসলাইন ২০১৯-২০ অর্থবছর | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | পার্থক্য | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | পার্থক্য | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | পার্থক্য | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | পার্থক্য | লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | পার্থক্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২১ অর্থবছর | | | ২০২১-২২ অর্থবছর | | | ২০২২-২৩ অর্থবছর | | | ২০২৩-২৪ অর্থবছর | | | ২০২৪-২৫ অর্থবছর | | |
| ... | কার্যসম্পাদন সূচক ১ | | | | | | | | | | | | | | | | |
| ... | কার্যসম্পাদন সূচক ২ | | | | | | | | | | | | | | | | |
| ... | কার্যসম্পাদন সূচক ৩ | | | | | | | | | | | | | | | | |
| ... | কার্যসম্পাদন সূচক ৪ | | | | | | | | | | | | | | | | |

ফরম-ক.২

# সেক্টরের আগাম ভিত্তি প্রাক্কলন (Forward Baseline Estimate)

সেক্টর:

(লক্ষ টাকায়)

| কোড-প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) অনুমোদন পর্যায় | মোট প্রকল্প ব্যয় | জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | প্রকৃত ব্যয় ২০২২-২৩ | আরএডিপি বরাদ্দ ২০২৩-২৪ | জুন, ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ও বরাদ্দ | অবশিষ্ট অর্থের পরিমাণ (২-৬) | আগাম ভিত্তি প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| মন্ত্রণালয় / বিভাগঃ | | | | | | | | | |
| ক) বাস্তবায়নকারী সংস্থা | | | | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | | | | |
| উপমোট-১ | | | | | | | | | |
| খ) বাস্তবায়নকারী সংস্থার নামঃ | | | | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | | | | |
| উপমোট-২ | | | | | | | | | |
| মোট আগাম ভিত্তি প্রাক্কলন (উপমোট-১ + উপমোট-২) | | | | | | | | | |

ফরম-ক.৩

## সেক্টরের অর্থায়নের সামর্থ্য (Fiscal Space)

সেক্টর:

(লক্ষ টাকায়)

| বিবরণ | অর্থবছর | | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| মন্ত্রণালয় / বিভাগ ১: | | | |
| মন্ত্রণালয় / বিভাগের ব্যয়সীমা: | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ | | | |
| | | | |
| | | | |
| মন্ত্রণালয় / বিভাগ ২ : | | | |
| মন্ত্রণালয় / বিভাগের ব্যয়সীমা: | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ | | | |
| | | | |
| | | | |
| মন্ত্রণালয় / বিভাগ ৩: | | | |
| মন্ত্রণালয় / বিভাগের ব্যয়সীমা:: | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ | | | |
| | | | |
| | | | |
| সেক্টরের মোট ব্যয়সীমা | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী সেক্টরের জন্য প্রয়োজনীয় মোট বরাদ্দ | | | |
| সেক্টরের অর্থায়নের সামর্থ্য | | | |

**ফরম-ক.৪**

## সেক্টরের অর্থায়নের সামর্থ্য ব্যবহার পরিকল্পনা (Utilization of Positive Fiscal Space)

সেক্টর:

(লক্ষ টাকায়)

| প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | সংশ্লিষ্ট নীতি-দলিলের নাম, অধ্যায় ও অনুচ্ছেদ নং | অনুমোদন পর্যায় (অননুমোদিত/সম্ভাব্য) | মোট প্রকল্প ব্যয় | অর্থবছর | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| মন্ত্রণালয়/ বিভাগ ১: | | | | | | |
| অর্থায়নের সামর্থ্য | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | |
| উপ-মোট | | | | | | |
| | | | | | | |
| মন্ত্রণালয়/ বিভাগ ২: | | | | | | |
| অর্থায়নের সামর্থ্য | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | |
| উপ-মোট | | | | | | |
| | | | | | | |
| মন্ত্রণালয়/ বিভাগ ৩: | | | | | | |
| অর্থায়নের সামর্থ্য | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | |
| উপ-মোট | | | | | | |
| মোট অর্থায়নের সামর্থ্য | | | | | | |
| প্রস্তাবিত প্রকল্পসমূহের জন্য মোট প্রয়োজন | | | | | | |

সংযোজনী-৩

# বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি

জুলাই ২০২৪-জুন ২০২৭

..........................মন্ত্রণালয়/বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বহুবার্ষিক সরকারি বিনিয়োগ কর্মসূচি

জুলাই ২০২৪-জুন ২০২৭

..............................মন্ত্রণালয়/বিভাগ

অংশ ক। মন্ত্রণালয়/বিভাগের জন্য অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনায় প্রক্ষেপিত এডিপি বরাদ্দ এবং চলতি অর্থবছর পর্যন্ত এডিপি বরাদ্দ

অংশ খ। আগাম ভিত্তিপ্রাক্কলন (Forward Baseline Estimates), মধ্যমেয়াদি বাজেট কাঠামো অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের ব্যয়সীমা ও অর্থায়নের সামর্থ্যের (Fiscal Space) পরিমাণ সম্পর্কিত বিশ্লেষণ (লেখচিত্রসহ)

খ.১. মন্ত্রণালয়/বিভাগের MYPIP প্রতিবেদন

খ.২. মন্ত্রণালয়/বিভাগের MYPIP বিশ্লেষণ প্রতিবেদন

অংশ গ। অর্থায়নের সামর্থ্য (Positive Fiscal Space) ব্যবহার পরিকল্পনা

ফরম-খ.১

## মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

মন্ত্রণালয়/বিভাগঃ

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ক) বাস্তবায়নকারী সংস্থার নামঃ | | | | | | | | | | |
| কার্যক্রম-১ | | | | | | | | | | |
| কার্যক্রম-২ | | | | | | | | | | |
| খ) বাস্তবায়নকারী সংস্থার নামঃ | | | | | | | | | | |
| কার্যক্রম-৩ | | | | | | | | | | |
| কার্যক্রম-৪ | | | | | | | | | | |

ফরম-খ.২

# মন্ত্রণালয়/বিভাগের আগাম ভিত্তি প্রাক্কলন (Forward Baseline Estimates)

মন্ত্রণালয়/বিভাগঃ

(লক্ষ টাকায়)

| কোড-প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) অনুমোদন পর্যায় | মোট প্রকল্প ব্যয় | জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় | প্রকৃত ব্যয় ২০২২-২৩ | আরএডিপি বরাদ্দ ২০২৩-২৪ | জুন, ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ও বরাদ্দ | অবশিষ্ট অর্থের পরিমাণ (২-৬) | আগাম ভিত্তি প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ক) বাস্তবায়নকারী সংস্থার নামঃ | | | | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | | | | |
| | | | | | | উপমোট-১ | | | |
| খ) বাস্তবায়নকারী সংস্থার নামঃ | | | | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | | | | |
| | | | | | | উপমোট-২ | | | |
| | | | | | | মোট আগাম ভিত্তি প্রাক্কলন (উপমোট-১ + উপমোট-২) | | | |

ফরম-খ.৩

## মন্ত্রণালয়/বিভাগের ব্যয়সীমার ভিত্তিতে নিরূপিত অর্থায়নের সামর্থ্য (Fiscal Space)

মন্ত্রণালয়/বিভাগঃ

(লক্ষ টাকায়)

| বিবরণ | অর্থবছর | | |
|---|---|---|---|
| | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| **বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা-১:** | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ | | | |
| | | | |
| **বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা-২:** | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ | | | |
| | | | |
| **বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা-৩:** | | | |
| আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী প্রয়োজনীয় বরাদ্দ | | | |
| | | | |
| **মন্ত্রণালয়/বিভাগের মোট ব্যয়সীমা** | | | |
| **আগাম ভিত্তি প্রাক্কলন অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের জন্য প্রয়োজনীয় মোট বরাদ্দ** | | | |
| **মন্ত্রণালয়/বিভাগের অর্থায়নের সামর্থ্য** | | | |

ফরম-খ.৪

# অর্থায়নের সামর্থ্য ব্যবহার পরিকল্পনা (Utilization of Positive Fiscal Space)

মন্ত্রণালয়/বিভাগঃ

(লক্ষ টাকায়)

| প্রকল্পের নাম (বাস্তবায়নকাল) | সংশ্লিষ্ট নীতি-দলিলের নাম, অধ্যায় ও অনুচ্ছেদ নং | অনুমোদন পর্যায় (অননুমোদিত/সম্ভাব্য) | মোট প্রকল্প ব্যয় | অর্থবছর | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | ২০২৬-২৭ |
| বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা-১: | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | |
| উপ-মোট | | | | | | |
| | | | | | | |
| বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা-২: | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | |
| উপ-মোট | | | | | | |
| | | | | | | |
| বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা-৩: | | | | | | |
| প্রকল্প-১ | | | | | | |
| প্রকল্প-২ | | | | | | |
| প্রকল্প-৩ | | | | | | |
| উপ-মোট | | | | | | |
| মোট অর্থায়নের সামর্থ্য (Positive Fiscal Space) | | | | | | |
| প্রস্তাবিত প্রকল্পসমূহের জন্য মোট প্রয়োজন | | | | | | |